



নির্বাচন কমিশন ও গণমাধ্যমের পক্ষপাতিত্বের অভিযোগ নাহিদ ইসলামের



সংগৃহীত ছবি

ঢাকা-১১ আসনে ১১ দলীয় জোটের প্রার্থী ও জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম অভিযোগ করেছেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে নির্বাচন কমিশন ও কিছু গণমাধ্যম একটি দলের প্রতি পক্ষপাতিত্ব করছে।

বুধবার (২৮ জানুয়ারি) সকালে রাজধানীর হাতিরঝিলে নির্বাচনী প্রচারণার সময় তিনি এ মন্তব্য করেন।

নাহিদ ইসলাম বলেন, তার রাজনৈতিক অগ্রাধিকার হচ্ছে জুলাই সনদের কার্যকর বাস্তবায়ন। তিনি উল্লেখ করেন, দেশের উপর ভারতীয় প্রভাব থেকে মুক্তি আনাটাই এখন প্রধান লক্ষ্য। তিনি বলেন, দেশকে স্বাধীন ও সমতান্ত্রিক রাজনৈতিক পরিবেশে ফিরিয়ে আনা জরুরি।

তিনি মঙ্গলবার (২৭ জানুয়ারি) নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলার ঘটনা উদাহরণ হিসেবে তুলে ধরে বলেন, সাম্প্রতিক সময়ে রাজনৈতিক সহাবস্থার পরিবেশ বিপর্যস্ত হয়েছে। এমন পরিস্থিতিতে নির্বাচনে সমান সুযোগ নিশ্চিত করা কঠিন হয়ে যাচ্ছে।

নাহিদ ইসলাম আরও অভিযোগ করেন, বিভিন্ন এলাকায় প্রার্থীরা শারীরিক হেনস্তার মুখোমুখি হচ্ছেন এবং নারীরাও হামলার শিকার হচ্ছে। তিনি বলেন, এ ধরনের ঘটনার অব্যাহত চলা নির্বাচনকে সুষ্ঠু ও ন্যায্য করা আরও কঠিন করে